দৈনিক ইত্তেফাক

তারিখ ... ২২।৭।৮৬
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

022

# বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ পরিবর্তন প্রশ্নে আলোচনা প্রয়োজন

— শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার আনিসুল ইসলাম মাহমুদ বলিয়াছেন; শিক্ষা ব্যবস্থার বর্তমান প্রেক্ষাপটে ১৯৭৩ (শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## শিক্ষামন্ত্রী

(১ম পৃঃ পর)

সালের বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ পরিবর্তনের জন্য আলাপ-আলোচনার প্রয়োজন রহিয়াছে। তিনি গতকাল (রবিবার) ঢাকায় বাংলাদেশ শিক্ষক সমিতি আয়োজিত ঢাকা মহানগরী শিক্ষকদের ত্রয়োবার্ষিক প্রতিনিধি সম্মেলনে বক্তৃতা করিতেছিলেন। মন্ত্রী বলেন, যে আশা লইয়া অর্থাৎ শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে '৭৩-এর অধ্যাদেশ জারি করা হয় সেই লক্ষ্য অর্জিত হয় নাই। তিনি বলেন, বিশ্ববিদ্যালয় অঙ্গনে অস্থিরতা, পরীক্ষা বন্ধ ও সেশন জটের মত জটিলতার সৃষ্টি হইয়াছে। সভায় বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি শেখ আমনুল্লাহ, ঢাকা মহানগরী শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক আবদুল মতিন বক্তৃতা করেন। শিক্ষা সচিব হেদায়েত আহমদ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। খবর সরকারী তথ্য বিবরণীর।